ভোরের কাগজ

তারিখ
পৃষ্ঠা ২ ... কলাম ... ৩......

সিন্ডিকেট সভায় সংকট নিরসনে আশাবাদ

# ঢা.বি. পরিস্থিতি নিয়ে উপাচার্য আজ লতিফুরের সঙ্গে আলোচনা করবেন

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক** : ঢাকা বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট অচিরেই বিশ্ববিদ্যালয়ে চলমান সংকট নিরসন হবে বলে আশা প্রকাশ করেছে।

বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের এক সভায় গতকাল এ আশাবাদ ব্যক্ত করে বলা হয় ছাত্র সংগঠনগুলোর সঙ্গে ফলপ্রসূ আলোচনার মাধ্যমে শিগগিরই বর্তমান সংকট নিরসন হবে।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আগামী ৯ আগস্ট বৃহস্পতিবার পর্যন্ত সকল পরীক্ষা স্থগিত ঘোষণা করেছে। এদিকে উপাচার্য এ কে আজাদ চৌধুরী বিশ্ববিদ্যালয়ের বর্তমান পরিস্থিতি নিয়ে আলোচনা করতে আজ প্রধান উপদেষ্টা লতিফুর রহমানের সঙ্গে সাক্ষাৎ করবেন।

সিন্ডিকেটে ছাত্রদলসহ বিভিন্ন সংগঠনের দাবির বিষয়ে আলোচনা হয় বলে জানা যায়।

ছাত্রদলের দাবির বিষয়ে সিন্ডিকেটে আলোচনা করা হলেও তাদের দাবির বিষয়ে সিন্ডিকেট এখনই কোনো সিদ্ধান্তে আসেনি বলে জানা যায়। তবে সিন্ডিকেট ছাত্র সংগঠনগুলোর সঙ্গে আরো আলোচনা চালিয়ে যাওয়ার বিষয়ে মত ব্যক্ত করেছে। নাম প্রকাশে অনিচ্ছুক একজন সিন্ডিকেট সদস্য বলেন, আশা করা যাচ্ছে কয়েকদিনের মধ্যেই বিশ্ববিদ্যালয়ের অচলাবস্থা দূর হবে।

ছাত্রদলের বিতাড়িত কর্মীদের হলে তোলা, বহিরাগতদের গ্রেপ্তার, অস্ত্র উদ্ধারসহ বিভিন্ন দাবিতে ছাত্রদল গত ২৯ জুলাই থেকে লাগাতার ধর্মঘট চালিয়ে আসছে।

৯ আগস্ট পর্যন্ত পরীক্ষা স্থগিত করার কারণে এ পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের ৪৬টি বিভাগের ১১৫টি পরীক্ষা অনুষ্ঠিত হতে পারেনি। এদিকে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি বিশ্ববিদ্যালয়ের স্বাভাবিক শিক্ষা কার্যক্রম বন্ধ হওয়ায় গভীর উদ্বেগ প্রকাশ করে অবিলম্বে শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনতে সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানিয়েছে।

শিক্ষক সমিতির গত শনিবারের এক জরুরি সভায় এফ রহমান হলের প্রাধ্যক্ষ এবং রোকেয়া হলের আবাসিক শিক্ষকের বাসা লক্ষ্য করে বোমা নিক্ষেপের তীব্র নিন্দা জানিয়েছে।